

জাতীয় বিশ্ববিদ্যালয় হরতালের মধ্যেই সারা দেশে ডিগ্রি পরীক্ষা শুরু আজ

গাজীপুর প্রতিনিধি

হরতালের মধ্যেই আজ সারা দেশে শুরু হচ্ছে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৩-১৪ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থীদের ১ম বর্ষ ডিগ্রি পাস পরীক্ষা। এ পরীক্ষার মোট ৯ হাজার ৭৩০টি কলেজের ২ লাখ ১৪ হাজার ৭৩ জন পরীক্ষার্থী অংশ নিচ্ছেন। সময়সূচি অনুযায়ী প্রতিদিন বেলা ১টা থেকে পরীক্ষা শুরু হবে। প্রধান দিন স্বাধীনতা যুদ্ধ ও বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডিসি অধ্যাপক ড. হারুন অর রশিদ বলেছেন, প্রধান দিনে মুক্তিযুদ্ধ বিষয়ে পরীক্ষা হবে। অশচ মুক্তিযুদ্ধের বিরোধী শক্তি হরতাল ডেকেছে। এ অবস্থায় পরীক্ষা : পৃষ্ঠা ৭ : কলাম ৫.

পরীক্ষা : হরতালের মধ্যেই (৩য় পৃষ্ঠার পর)

পরীক্ষা পিছিয়ে দেয়া নৈতিক-অবিরোধী। এ পরীক্ষাসংক্রান্ত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের www.nu.edu.bd এবং www.nubd.info ওয়েবসাইট থেকে জানা যাবে। জরুরি প্রয়োজনে ফোন ৯২৯১০০৮, ৯২৯১০১৭ বা ফ্যাক্স ৯২৯১০৪৪ ও ইমেইল controller@nu.edu.bd যোগাযোগ করার জন্য বলা হয়েছে। বুধবার জাতীয় বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দফতর এ তথ্য জানিয়েছে। উল্লেখ্য, দলের সেক্রেটারি জেনারেল আলী আহসান মোহাম্মদ মুজাহিদকে মৃত্যুদণ্ড দেয়ার প্রতিবাদে আজ হরতাল ডেকেছে জানা যায়।